গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.hsd.gov.bd

স্মারক নং- ৪৫.০০.০০০০.১৪০.৯৯.০১৪.২৫-৩০৯১

তারিখ : ৩১ আষাঢ় ১৪৩৩ / ১৫ জুলাই ২০২৬

**বিষয় : সরকারি কর্মচারী ব্যবস্থাপনা পদ্ধতি (GEMS)-এ ১-২০ গ্রেড পর্যন্ত কর্মকর্তা/কর্মচারীদের তথ্য অন্তর্ভুক্তকরণ।**

সূত্র : জনপ্রশাসন মন্ত্রণালয়ের স্মারক নং-০৫.০০.০০০০.০০০.২৪৮.১৮.০০১.২২-৯৪, তারিখ: ২০ এপ্রিল ২০২৬।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সরকারি চাকরি আইন, ২০১৮-এর ধারা ২১ অনুযায়ী ইলেকট্রনিক পদ্ধতিতে সকল কর্মকর্তা/কর্মচারীর চাকরি সংক্রান্ত তথ্য সংরক্ষণ আবশ্যক। সে মোতাবেক মন্ত্রণালয়/বিভাগ এবং আওতাধীন দপ্তর ও সংস্থায় কর্মরত ১-২০ গ্রেড পর্যন্ত সকল সরকারি কর্মকর্তা/কর্মচারীদের তথ্য Government Employee Management System (GEMS)-এ অন্তর্ভুক্ত করার লক্ষ্যে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক অনুরোধ জানানো হয়েছে।

এমতাবস্থায়, এ বিভাগের আওতাধীন সকল দপ্তর/সংস্থায় কর্মরত ১ম থেকে ২০তম গ্রেডভুক্ত কর্মকর্তা/কর্মচারীদের তথ্য GEMS-এ অন্তর্ভুক্তকরণের সর্বশেষ অগ্রগতি প্রতিবেদন এ বিভাগে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। একই সঙ্গে সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার GEMS কার্যক্রম পরিচালনাকারী ফোকাল পার্সনের নাম, পদবি, মোবাইল নম্বর ও ই-মেইল ঠিকানাসহ হালনাগাদ তথ্যও এ বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি : বর্ণনামতে।

১৫.০৭.২০২৬

সুজিৎ দেবনাথ
উপসচিব
ফোন: ০২-২২৩৩৫৭৯৮৫
admin1@hsd.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর/ঔষধ প্রশাসন অধিদপ্তর/নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর/স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, ঢাকা (মাঠ পর্যায়ের সকলকে অবহিতকরণের অনুরোধসহ)।
২. ব্যবস্থাপনা পরিচালক, কমিউনিটি ক্লিনিক স্বাস্থ্য সহায়তা ট্রাস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ (মাঠ পর্যায়ের সকলকে অবহিতকরণের অনুরোধসহ)।
৩. প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিঝিল, ঢাকা (মাঠ পর্যায়ের সকলকে অবহিতকরণের অনুরোধসহ)।
৪. পরিচালক/অধ্যক্ষ (সকল)।
৫. বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য) (সকল)।
৬. সিভিল সার্জন/তত্ত্বাবধায়ক/সহকারী পরিচালক (সকল)।
৭. চীফ টেকনিক্যাল ম্যানেজার, নিমিউ এন্ড টিসি, মহাখালী, ঢাকা (মাঠ পর্যায়ের সকলকে অবহিতকরণের অনুরোধসহ)।
৮. সচিব, ফার্মেসী কাউন্সিল, বাংলামটর, ঢাকা।
৯. উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা (সকল)।
১০. ওয়ার্কশপ ম্যানেজার, টেমো, মহাখালী, ঢাকা।

স্মারক নং- ৪৫.০০.০০০০.১৪০.৯৯.০১৪.২৫-৩০৯১(১/৩)

তারিখ : ৩১ আষাঢ় ১৪৩৩ / ১৫ জুলাই ২০২৬

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ।
৩. যুগ্মসচিব (প্রশাসন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ।

সুজিৎ দেবনাথ
উপসচিব

D:\Rohul Amin AO\Admin-1 SW\General Note- letter\Letter\Advancement 2026.docx

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
সরকারি কর্মচারী ব্যবস্থাপনা পদ্ধতি
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mopa.gov.bd

স্মারক নম্বর: ০৫.০০.০০০০.০০০.২৪৮.১৮.০০১.২২-৯৪

তারিখ: ০৭ বৈশাখ ১৪৩৩ / ২০ এপ্রিল ২০২৬

**বিষয়: 'সরকারি কর্মচারী ব্যবস্থাপনা পদ্ধতি (GEMS)'-এ ১-২০ গ্রেড পর্যন্ত কর্মকর্তা/কর্মচারীদের তথ্য অন্তর্ভুক্তকরণ।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সরকারি কর্মকর্তা/কর্মচারীদের জন্য আধুনিক মানবসম্পদ ব্যবস্থাপনা নিশ্চিতকরণে জনপ্রশাসন মন্ত্রণালয়ের আওতায় সরকারি কর্মচারী ব্যবস্থাপনা পদ্ধতি (GEMS) বাস্তবায়নাধীন রয়েছে। সরকারি চাকরি আইন, ২০১৮-এর ধারা ২১ অনুযায়ী ইলেকট্রনিক পদ্ধতিতে সকল কর্মকর্তা/কর্মচারীর চাকরি সংক্রান্ত তথ্য সংরক্ষণ আবশ্যক। এছাড়াও, ২০২৫-২০২৬ অর্থবছরের কর্মসম্পাদন পরিকল্পনা অনুযায়ী সকল মন্ত্রণালয়/বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহে কর্মরত সরকারি চাকরি আইন, ২০১৮ এর আওতাভুক্ত ১-২০ গ্রেড পর্যন্ত কর্মকর্তা/কর্মচারীর তথ্য GEMS-এ অন্তর্ভুক্ত করা প্রয়োজন।

০২। বর্ণিত অবস্থায়, মন্ত্রণালয়/বিভাগ এবং আওতাধীন দপ্তর ও সংস্থায় কর্মরত ১-২০ গ্রেড পর্যন্ত সকল সরকারি কর্মকর্তা/কর্মচারীদের তথ্য GEMS-এ অন্তর্ভুক্ত করার লক্ষ্যে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: GEMS-এ কর্মকর্তা/কর্মচারীদের তথ্য অন্তর্ভুক্তকরণ
নির্দেশিকার লিংক: https://gems.gov.bd/userManual

মো: রায়হান আখতার
যুগ্মসচিব (পিএসিসি)
ও কর্মসূচি পরিচালক
সরকারি কর্মচারী ব্যবস্থাপনা পদ্ধতি
জনপ্রশাসন মন্ত্রণালয়।
ফোন ০২-৫৫১০০৫১২
ই-মেইল: gems@mopa.gov.bd

সিনিয়র সচিব/সচিব (সকল)
.................................
.................................

স্মারক নম্বর: ০৫.০০.০০০০.০০০.২৪৮.১৮.০০১.২২-৯৪

তারিখ: ০৭ বৈশাখ ১৪৩৩ / ২০ এপ্রিল ২০২৬

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):
১। অতিরিক্ত সচিব, সিপিটি অনুবিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয়।
২। অতিরিক্ত সচিব, প্রশাসন অনুবিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয়।
৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, পিএসিসি, জনপ্রশাসন মন্ত্রণালয়।
৪। সিনিয়র সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫। অফিস কপি/মাস্টার কপি।

মো: রায়হান আখতার
যুগ্মসচিব (পিএসিসি)
ও কর্মসূচি পরিচালক
সরকারি কর্মচারী ব্যবস্থাপনা পদ্ধতি
জনপ্রশাসন মন্ত্রণালয়।